

<p>নীলফামারীতে কেন্দ্র পরিদর্শন ডিগ্রিতে শতকরা ৮০ ভাগ পরীক্ষার্থীই নকল করছে : শিক্ষা প্রতিমন্ত্রী</p> <p>নীলফামারী প্রতিনিধি : শতকরা ৮০ ভাগ পরীক্ষার্থী নকল করছে। আমি নিজে ৩ কেন্দ্র থেকে ২১ জন পরীক্ষার্থীকে নকল করার অপরাধে ধরেছি এবং ১ বস্তা নকল উদ্ধার / করেছি। গতকাল শনিবার কালেক্টরেট ভবনে জেলা সমন্বয় কমিটি ও জেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় সভাপতির ডায়ালগে শিক্ষা প্রতিমন্ত্রী ও জেলায় দুায়িত্বপ্রাপ্ত মন্ত্রী আ ন ম এছানুল হক মিশ্র এ কথা বলেন।</p> <p>গত বছর নকলের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে নকল প্রতিরোধ করা গেলেও এ বছর ডিগ্রি পরীক্ষায় এ রকম ব্যবস্থা</p> <p>● বলর-পৃষ্ঠা ১১ কলার ৫</p>	<p>ডিগ্রিতে শতকরা ৮০ ভাগ</p> <p>● শেষের পাতার পর দেখে তিনি অসন্তোষ প্রকাশ করেন এবং কর্তব্যরত পরিদর্শকদের তিরস্কার করেন। তিনি পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শনের জন্য সাংবাদিকদের অনুমতি দানের জন্য জেলা প্রশাসককে নির্দেশ দেন।</p> <p>গত তরুবার মন্ত্রী নীলফামারীতে এসে শহর থেকে ১০ কিলোমিটার দূরে নীলসাগরে রাষ্ট্রাধিপনের পর গতকাল সকালে সমন্বয় ও আইনশৃঙ্খলা কমিটির সভায় যোগদানের উদ্দেশ্যে রওয়ানা হয়ে পথে নীলফামারী সরকারি মহাবিদ্যালয়, সরকারি বালিকা বিদ্যালয় ও মন্ডির রহমান মহাবিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত ডিগ্রি পরীক্ষা পরিদর্শন করেন। ফলে নির্ধারিত ১০টার মিটিং সাড়ে ৩ ঘণ্টা বিলম্বে বেলা দেড়টায় শুরু হয়। এ জন্য জেলার সব বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক কাজ ফেলে প্রায় সারা দিন অপেক্ষা করতে দেখা গেছে।</p>
---	--